**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 23-01-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Netaji birthday celebration:**

আজ রাজ্যে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে নেতাজি সুভাষ চন্দ্র বসুর জন্মজয়ন্তী উদযাপন করা হচ্ছে। সকাল থেকে স্কুল, কলেজ সহ বিভিন্ন প্রতিষ্ঠানে সকালে জাতীয় পতাকা উত্তোলন করা হয়েছে। আগরতলায় নেতাজি সুভাষ বিদ্যানিকেতনে সকাল আটটায় নেতাজি জন্মজয়ন্তী উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা বর্ণালী মজুমদার জানিয়েছেন, এবছর তৃতীয় শ্রেনী থেকে শুরু করো একাদশ শ্রেণী পর্যন্ত ২৬ টি থিমের ট্যাবলু তৈরী করা হয়েছে। বিদ্যানিকেতনের ছাত্রছাত্রী ছাড়া বিভিন্ন এনজিও, ক্লাব, শিক্ষা প্রতিষ্ঠান ট্যাবলুতে অংশগ্রহণ করবে । নেতাজি বিদ্যানিকেতন থেকে শুরু হয়ে ট্যাবলু নিয়ে সুসজ্জিত রেলি আগরতলার বিভিন্ন পথ পরিক্রমা করবে। এবছর অনেকটি শিক্ষা প্রতিষ্ঠান ট্যাবলুতে অংশগ্রহণ করতে ইচ্ছা প্রকাশ করেছে বলে শ্রীমতি মজুমদার জানিয়েছেন।

*************************

**Governor Netaji:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ নেতাজী জন্মজয়ন্তী উপলক্ষ্যে মহারাজগঞ্জ বাজারে নেতাজী সুভাষ চন্দ্র বসুর প্রতিকৃতিত্বে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন । তিনি নেতাজীর আদর্শ অনুসরণ করতে পরামর্শ দিয়েছেন ।

**************************

**Minister pranajit singha roy :**

তথ্য ও প্রযুক্তি মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল মহাকরনে সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, আগামী ২৪ জানুয়ারি সূচনা হবে ত্রিপুরা স্টার্টআপ পলিসি-২০২৪। আগরতলার প্রজ্ঞাভবনে অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই প্রকল্পের উদ্বোধন করবেন। মন্ত্রী শ্রী সিংহ রায় জানান, রাজ্যে আইটি/ আইটিইএস ভিত্তিক স্টার্ট-আপগুলির জন্য অনুকূল পরিবেশ তৈরি করার পাশাপাশি তাদের উদ্ভাবনী ভাবনাকে উৎসাহিত করতে ২০১৯ সালে এই পলিসি চালু করা হয়েছিল। নতুনভাবে চালু করা ত্রিপুরা স্টার্টআপ পলিসিতে স্টার্টআপগুলিকে কাঁচামাল, যন্ত্রপাতি ক্রয়, পেটেন্ট, মার্কেটিং সহ বিভিন্ন ক্ষেত্রে সহায়তা করা হবে। এর জন্য ৫০ কোটি টাকা অনুমোদন দেওয়া হয়েছে। এই পলিসিতে রাজ্যের তরুণ প্রতিভাদের হস্ততাঁত, হস্তকারু শিল্প, উদ্যান পালন, কৃষি প্রক্রিয়াকরণ, স্বাস্থ্য পরিষেবার মত বিভিন্ন ক্ষেত্রে নিজস্ব স্টার্টআপ তৈরী করতে উৎসাহিত করা হবে। এর ফলে কর্মসংস্থানেরও সুযোগ সৃষ্টি হবে। প্রত্যেক বছর রাজ্যে প্রায় ২০০টি স্টার্টআপ শুরু করার লক্ষ্যমাত্রা রয়েছে রাজ্য সরকারের। রাজ্যের ছেলেমেয়েদের রাজ্যেই কর্মসংস্থান ও উদ্ভাবনী ভাবনাগুলিকে উৎসাহিত করতে রাজ্য সরকার এ ধরণের পলিসি গ্রহণ করছে বলে অর্থমন্ত্রী জানান। সাংবাদিক সম্মেলনে তথ্য ও প্রযুক্তি দপ্তরের সচিব কিরণ গিত্যে এবং অধিকর্তা জেয়া রাগুল গেশান বি. উপস্থিত ছিলেন।

********************************

**Beti Banchao, Beti Padao :**

বেটি বাঁচাও বেটি পড়াও আন্দোলনের ১০ বছর পূর্তিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে আন্দোলনটি একটি রূপান্তরমূলক, জনশক্তি চালিত উদ্যোগে পরিণত হয়েছে এবং জীবনের সর্বস্তরের মানুষের অংশগ্রহণের জন্য এটি তৈরি হয়েছে। সামাজিক মাধ্যমে তিনি বলেন, এটি লিঙ্গ বৈষম্য কাটিয়ে উঠতে সহায়ক হয়েছে এবং শিশু কণ্যার শিক্ষা ও তার স্বপ্ন অর্জনের সুযোগ নিশ্চিত

করার জন্য সঠিক পরিবেশ তৈরি করেছে। তিনি উল্লেখযোগ্য মাইলফলক অর্জনের জন্য জনগণ এবং বিভিন্ন সম্প্রদায়ের সেবা সংস্থার নিবেদিত প্রচেষ্টাকে ধন্যবাদ জানান।

***********************

**Ratan lal nath visit :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন , মোহনপুর বিধানসভা কেন্দ্রের সরকারি বিদ্যালয়গুলির বহু পুরনো ভবনগুলি ভেঙ্গে নতুন ভবন নির্মাণ করা হবে। গতকাল লেফুঙ্গা স্কুলের পুরাতন বিল্ডিং ভাঙ্গার কাজ পরিদর্শন করেছেন মন্ত্রী শ্রীনাথ। তিনি জানান, বিদ্যালয়ে পরিকাঠামোর উন্নয়ন জরুরী। ছাত্রছাত্রীদের পড়াশুনা করার জন্য ভাল পরিবেশ তৈরি করে দেওয়া আমাদের দায়িত্ব। অনুষ্ঠানে উপস্থিত এডিসির কার্যনির্বাহী সদস্য রুনিয়েল দেববর্মা জানান, শিক্ষা দপ্তরের দায়িত্বে থাকার সময় মন্ত্রী রতন লাল নাথ লেফুঙ্গা উচ্চ মাধ্যমিক উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নতুন বিল্ডিং করার অনুমোদন দিয়েছিলেন

**********************

**Tribal Folk Dance :**

কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে গতকাল জেলাভিত্তিক জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। বক্তব্য রাখেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, জেলা কল্যাণ আধিকারিক অমরেশ বর্মণ।

******************

**Dr B.R Ambedkar-Sonamura :**

সোনামুড়া মহকুমার ৪৬৭ জন তপশিলি জাতিভুক্ত কৃতি ছাত্রছাত্রীকে গতকাল ডক্টর বি.আর আম্বেদকর স্মৃতি পুরস্কার প্রদান করা হয়। স্থানীয় টাউন হলে মহকুমা প্রশাসন আয়োজিত

অনুষ্ঠানের উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। উপস্থিত ছিলেন সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী প্রমুখ।

*****************

**Republic Day-Tableau :**

নয়াদিল্লিতে প্রজাতন্ত্র দিবসের ট্যাবলু প্রদর্শনীতে এবারও ত্রিপুরা অংশ নেবে। এবারের ত্রিপুরার ট্যাবলুর মূল বিষয় হচ্ছে ভারতের বৈচিত্র্যময় সংস্কৃতিকে তুলে ধরা। এদিকে লক্ষ্য রেখে এবার ত্রিপুরার ট্যাবলুতে দেখানো হবে খার্চি পূজা তথা রাজন্য আমল থেকে চলে আসা চতুর্দশ দেবদেবীর বন্দনা, আচার-আচরণ ও তার তাৎপর্য ।

*******************

**Khelo India :**

খেলো ইন্ডিয়া শীতকালীন ক্রীড়া-২০২৫-এর মধ্য দিয়ে আজ লাদাখে খেলো ইন্ডিয়া পর্বের সূচনা হবে। রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১৯টি দল ৫ দিনের এই প্রতিযোগিতায় আইস হকি এবং আইস স্কেটিং-এ অংশ নেবে। খেলো ইন্ডিয়ার দ্বিতীয় পর্ব আগামী ফেব্রুয়ারী মাসের ২২ থেকে ২৫ তারিখ পর্যন্ত জম্মু ও কাশ্মীরে অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় যুব বিষয়ক ক্রীড়া মন্ত্রী ড: মনসুখ মান্ডবিয়া লেহতে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

*******************

**আবহাওয়া**:

আবহাওয়ার দপ্তর থেকে জানানো হয়েছে আকাশ সাধারণত পরিস্কার থাকবে ।আজ সকালে ঘন কুয়াশা পড়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ থাকতে পারে ২৬ ডিগ্রি সেলসিয়াস। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ ডিগ্রি সেলসিয়াস।

*******************